Posted on 8th & 9th February, 2019 from New Delhi PSO
Date of Publishing 6th February, 2019
Total pages 8
RNI NO - DELBEN/2001/2869
POSTAL REGD. NO. DL(ND)-11/6115/2018-19-20

অ্যাসোসিয়েশন সংবাদ-২১২
ASSOCIATION SAMBAD

February - 2019 *Volume 18 No.9*

Price Rupee One

If undelivered please return to
Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

অষ্টাদশ
দিল্লি বইমেলা
এবং
সাহিত্য উৎসব
২০১৯

১৭ই-২১শে
এপ্রিল, ২০১৯

স্থান ঃ
গোলমার্কেট নিকটস্থ
গৃহকল্যাণ কেন্দ্র,
পেশোয়া রোড,
নিউ দিল্লি-১১০০০১

সম্পাদকের ডেস্ক থেকে

ডিসেম্বর, জানুয়ারী, ফেব্রুয়ারী মাসের দিল্লির জনজীবন প্রচন্ড ঠাণ্ডায় জবুথবু। তবে সুখের কথা এবছর অন্য বছরের তুলনায় কয়েকটি দিন বাদে অনেকবেশী সূর্যকরোজ্জ্বল দিনের দেখা পাওয়া গেছে। এবছরের প্রথম দিকে আমরা বেশী কিছু বিশিষ্ট বাঙালী গুণীজনদের হারিয়েছি। তেমন অনেকগুলি সুসংবাদও আমাদের মনকে অনুপ্রাণিত করেছে।

জীবন বহতা নদীর মতই। এর এক কুল ভাঙে তো অন্য কুল গড়ে ওঠে স্বাভাবিক নিয়মে। আমাদের কর্মময় জীবনের ধারাবাহিকতাকে বজায় রাখতে প্রতিনিয়ত সংগ্রাম করে চলতে হয়। মনের সুচারু বৃত্তিগুলিকে জনমানসে প্রস্ফুটিত করার জন্য আমাদের মন ব্যাকুল হয়ে থাকে। সেই ব্যাকুলতার জন্যই আমরা একত্রিত হই, পারস্পরিক সংস্কৃতির আদান প্রদান করি। তবে সমাষ্টিগতভাবে নিজেদের প্রকাশিত করার জন্য আমরা আরও বেশী যত্নবান হতে হবে।

বাঙালি আজ স্বল্প পরিচয়ের পরিসর ছেড়ে বহির্বিশ্বে অনায়াস বিচরণ করতে সক্ষম। বর্তমান শিল্প সংস্কৃতির প্রাঙ্গণে নিজেকে প্রতিষ্ঠিত করতে আমাদের আরও সঙ্ঘবদ্ধ হতে হবে। নিজের প্রকাশের পাশাপাশি অন্যকেও প্রকাশিত করার সুযোগ করে দিতে হবে। আমাদের মূল লক্ষ্যই হল বহির্বঙ্গে বাংলা শিল্প সংস্কৃতির সম্যক প্রচার ও প্রসার ঘটানো। সেই সঙ্কল্পে আমরা অনলস ভাবে এই কাজ করে চলেছি। প্রতিটি পদক্ষেপে মাতৃভাষার প্রতি ভালবাসা এবং শ্রদ্ধাজ্ঞাপন বেঙ্গল অ্যাসোসিয়েশনের একটি প্রধান কাজ।

অত্যন্ত আনন্দের সঙ্গে জানাই বেঙ্গল অ্যাসোসিয়েশন দিল্লিতে বইমেলা এবং সাহিত্য উৎসবের আয়োজন করে আসছে। এই আয়োজনে সমগ্র দিল্লির সংস্কৃতি মনভাবাপন্ন শুভানুধ্যায়ী মানুষ আমাদের পাশে থেকে এই উৎসবকে সফল করে তুলতে সাহায্য করেছেন বারবার।

এই বৎসর যথারীতি অষ্টাদশ বইমেলা এবং সাহিত্য উৎসবের আয়োজন করা হয়েছে। আপনাদের অবগতির জন্য জানাই এবারের বইমেলার সময় এবং মেলার স্থান বদল হয়েছে। যেহেতু মার্চ মাসে দিল্লিতে বোর্ডের পরীক্ষাগুলি চলে, তাই মেলার শুভাকাঙ্ক্ষী ও অভিভাবকদের বহুদিনের সমাষ্টিগত আবেদনের পরিপ্রেক্ষিতে সময় পরিবর্তন করে ১৭ই থেকে ২১শে এপ্রিল, ২০১৯ পর্যন্ত বইমেলার দিন ধার্য করা হয়েছে। স্টল সংখ্যা বৃদ্ধির কারণে মেলার স্থান পরিবর্তন করে নিউ দিল্লি

কালীবাড়ির পরিবর্তে গোলমার্কেট নিকটস্থ পেশোয়া রোডের পাশে গৃহকল্যাণ কেন্দ্র প্রাঙ্গণে মেলার স্থান নির্বাচন করা হয়েছে। এই অষ্টাদশ বইমেলায় থাকবে অনেক বই-এর স্টল, থাকবেন বাংলাদেশ, কলকাতা ও দিল্লির বিশিষ্ট সাহিত্যিক ও সৃজনশীল জ্ঞানীগুণীজন। থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন এবং কলকাতা ও দিল্লির বিশিষ্ট সঙ্গীত ও নৃত্যশিল্পীর সমাবেশ। এছাড়া প্রতিদিন সাহিত্য আলোচনা, কবির সঙ্গে কবিতার চর্চা, সাংবাদিকদের মুখোমুখি এবং দিগঙ্গন সাহিত্য সমাবেশ।

যথারীতি থাকবে আবৃত্তি ও অঙ্কন প্রতিযোগিতা এবং আকর্ষণীয় পুরস্কারের আয়োজন ও দিল্লির বাংলা পঠন পাঠনযুক্ত বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিবেদিত সাংস্কৃতিক অনুষ্ঠান। বিগত বছরের মত এবারও নতুন প্রতিভাসম্পন্ন উদীয়মান কণ্ঠসঙ্গীত শিল্পীর খোঁজে আগামী ২৪শে ফেব্রুয়ারি, ২০১৯ শুরু হবে বিশেষ 'প্রতিভা-অন্বেষণ' প্রতিযোগিতা। এই প্রতিযোগিতায় সফল শিল্পীদের পুরস্কৃত করা হবে এবং বইমেলার মঞ্চে সঙ্গীত পরিবেশনের সুযোগ করে দেওয়া হবে।

এছাড়া প্রতিদিন পুস্তকক্রেতা ও বিক্রেতাদের উৎসাহিত করার জন্য থাকবে লাকি-ড্র। এবারের বইমেলার উদ্বোধন অনুষ্ঠান দুই বাংলার মেলবন্ধনে এবং বহু বিশিষ্ট গুণীজনদের উজ্জ্বল উপস্থিতিতে স্মরণীয় হয়ে থাকবে। আমরা চেষ্টা করবো এই অষ্টাদশ বইমেলাকে আরো বেশী বর্ণাঢ্য ও আকর্ষণীয় করে আপনাদের কাছে উপস্থিত করতে। এই কর্মকাণ্ডে আপনাদের উপস্থিতি ছাড়া সর্বাঙ্গীন সফলতা অর্জন করা সম্ভব নয়। তাই সকলকে জানাই সাদর আমন্ত্রণ।

অ্যাসোসিয়েশন সংবাদ

বেঙ্গল অ্যাসোসিয়েশন আয়োজিত বিশ্বনাট্যদিবস উপলক্ষে নাট্যোৎসব অনুষ্ঠিত হবে আগামী ৩১শে মার্চ, ২০১৯। বর্তমান দিল্লিতে অনেকগুলি বাংলা নাট্যগোষ্ঠীর সৃষ্টি হয়েছে এবং তাদের উপস্থাপিত নাটকগুলি অভিনবত্বে বেশ প্রশংসার দাবী রাখে।

সারাদিন ব্যাপী এই নাট্যোৎসবের আয়োজনে দিল্লি ও প্রান্তিক দিল্লির বিভিন্ন স্থান থেকে পঁচিশটির বেশী বাংলা নাট্যগোষ্ঠী অংশগ্রহণ করবেন। প্রতি বছরের মতো মুক্তধারা প্রেক্ষাগৃহে এই উৎসবের আয়োজন করা হবে। সকল নাট্যপ্রেমী

শুভানুধ্যায়ীকে জানাই সাদর আমন্ত্রণ।

সু-সংবাদ

বেঙ্গল অ্যাসোসিয়েশনের আজীবন সদস্যা শ্রীমতী প্রতিভা দাসের কন্য বিদিশা ও হিমাংশুর শুভ পরিণয় সুসম্পন্ন হল গত ২৫শে জানুয়ারি ২০১৯। আমাদের আশীর্বাদ ও শুভেচ্ছা।

অ্যাসোসিয়েশনের আজীবন সদস্যা শ্রীমতী ডলি ভাদুড়ির কন্য অর্পিতা ও পুলকিতের শুভ পরিণয় সুসম্পন্ন হল গত ১৭ই জানুয়ারি ২০১৯। আমাদের আশীর্বাদ ও শুভেচ্ছা।

nv

সাহিত্য সভা

দিগঙ্গন সাহিত্য পত্রিকা ও বেঙ্গল অ্যাসোসিয়েশনের যৌথ উদ্যোগে প্রতি মাসে একটি করে সাহিত্য সভার আয়োজনে দিল্লির সাহিত্যমনস্ক মানুষের উৎসাহ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। গতমাসের সফল অনুষ্ঠানের পর আগামী ২৪শে ফেব্রুয়ারী ২০১৯ রবিবার, আবার সাহিত্য আসরের আয়োজন করা হয়েছে মুক্তধারা সভাগৃহে। সময় সন্ধ্যা ছ'টা। আমরা চাই অনেকবেশী সাহিত্যমনস্ক গুণীজনের সমাবেশে এই অনুষ্ঠান মনোগ্রাহী হয়ে উঠুক। সুধীজন স্বাগত।

শোক সংবাদ

বেঙ্গল অ্যাসোসিয়েশনের আজীবন সদস্যা শ্রীমতী ডলি ভাদুড়ীর পিতা চিত্তরঞ্জন চক্রবর্তী গত ১১ই জানুয়ারি ২০১৯ পরলোক গমন করেন। আমরা ওঁর আত্মার শান্তি কামনা করি এবং ওঁর শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি জানাই আন্তরিক সমবেদনা।

বেঙ্গল অ্যাসোসিয়েশনের আজীবন সদস্যা শ্রীমতী প্রতিভা দাসের পিতা জীতেন্দ্রনাথ বিশ্বাস গত ৭ই জানুয়ারি ২০১৯ পরলোক গমন করেন। আমরা ওঁর আত্মার শান্তি কামনা করি এবং ওঁর শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি জানাই আন্তরিক সমবেদনা।

দিল্লির বঙ্গ সংবাদ

আগামী ৯ই ফেব্রুয়ারী, শনিবার ২০১৯, মুক্তধারা প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হবে দুটি নাটকের একটি মনোজ্ঞ সন্ধ্যা "নাটক জোড়"। ড্রামা সোসাইটি আকৃতির পরিবেশনায় 'অ-ভূত' এবং সৃজনীর পরিবেশনায় 'অলীক'। আমাদের শুভেচ্ছা।

করোলবাগ বঙ্গীয় সংসদের হীরক জয়ন্তী উপলক্ষে যৌথ উদ্যোগে আগামী ১৬ই ফেব্রুয়ারী, ২০১৯ শনিবার মঞ্চস্থ হবে দুটি নাটক। করোলবাগ বঙ্গীয় সংসদ নিবেদিত 'প্রভাত ফিরে এসো' এবং ড্রামা সোসাইটি আকৃতি নিবেদিত 'অরুন্ধতী' স্থান - মুক্তধারা প্রেক্ষাগৃহ। আমাদের অভিনন্দন।

অষ্টাদশ দিল্লি বইমেলা এবং সাহিত্য উৎসব ২০১৯
১৭-২১শে এপ্রিল, ২০১৯

বাঙালি খাবারের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান বিবাহ, অন্নপ্রাশন
ও যে কোন অনুষ্ঠানে যোগাযোগ করুন

আনন্দ সংবাদ ! আনন্দ সংবাদ !

প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা - ২০১৯

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি আয়োজিত

অষ্টাদশ বইমেলা এবং সাহিত্য উৎসব উপলক্ষ্যে

গত বছরের অভূতপূর্ব সাফল্যে অনুপ্রাণিত হয়ে এবছরেও

বেঙ্গল অ্যাসোসিয়েশন

দিল্লির ও প্রান্তিক দিল্লির নতুন উদীয়মান সঙ্গীত শিল্পীর খোঁজে

"প্রতিভা অন্বেষণ"

প্রতিযোগিতার আয়োজন করেছে আগামী ২৪শে ফেব্রুয়ারি, ২০১৯, রবিবার।

বিষয়

পঞ্চকবির গান, লোকসঙ্গীত, আধুনিক গান

সময় ঃ

সকাল এগারোটা থেকে বিকাল পাঁচটা পর্যন্ত।

স্থান ঃ মুক্তধারা সভাগৃহ

পনেরো বছর থেকে চল্লিশ বছর বয়স পর্যন্ত প্রতিযোগিরা এক কপি ফটো, বয়সের প্রমাণপত্র ঠিকানা ও ফোন নম্বর সহ আগামী ২১শে ফেব্রুয়ারির মধ্যে মুক্তধারা অফিসে যোগাযোগ করুন।

১৮-১৯, ভাইবীর সিং মার্গ, গোলমার্কেট, নিউ দিল্লি-১১০০০১

সফল প্রতিযোগিদের জন্য থাকবে আকর্ষণীয় পুরস্কার এবং অষ্টাদশ বইমেলার মঞ্চে যন্ত্রসঙ্গীত সহযোগে সঙ্গীত পরিবেশনের সুর্বণ সুযোগ।

যোগাযোগের ঠিকানা -

বেঙ্গল অ্যাসোসিয়েশন, গোলমার্কেট

ফোন নংঃ ০১১-২৩৩৪৪৮০৮, ০১১-২৩৭৪৬৩১৩

অষ্টাদশ দিল্লি বইমেলা এবং সাহিত্য উৎসব ২০১৯

১৭-২১শে এপ্রিল, ২০১৯

স্থান ঃ গোল মার্কেট নিকটস্থ গৃহকল্যাণ কেন্দ্র, পেশোয়া রোড, নিউ দিল্লি-১১০০০১

২০শে এপ্রিল, ২০১৯ শনিবার

বেলা ১১টা - আন্তঃবিদ্যালয় নৃত্য প্রতিযোগিতা (যে কোনো একটি বাংলা গানে)

চতুর্থ থেকে ষষ্ঠ শ্রেণী - রবীন্দ্রনৃত্য বা লোকনৃত্য বা সৃজনশীল নৃত্য

সপ্তম থেকে নবম শ্রেণী - রবীন্দ্রনৃত্য বা লোকনৃত্য বা সৃজনশীল নৃত্য

দশন থেকে দ্বাদশ শ্রেণী - রবীন্দ্রনৃত্য বা লোকনৃত্য বা সৃজনশীল নৃত্য

বেলা ১টা - আন্তঃবিদ্যালয় আবৃত্তি প্রতিযোগিতা

(অনধিক কুড়ি লাইনের বাংলা কবিতা গ্রাহ্য)

চতুর্থ থেকে ষষ্ঠ শ্রেণী - যে কোনো কবির কবিতা

সপ্তম থেকে নবম শ্রেণী - যে কোনো কবির কবিতা

দশন থেকে দ্বাদশ শ্রেণী - যে কোনো কবির কবিতা

(প্রতিযোগিদের কবিতার তিনটি করে প্রতিলিপি আনতে হবে)

২১শে এপ্রিল, ২০১৯ রবিবার

বেলা ১০টা - আন্তঃবিদ্যালয় অঙ্কন প্রতিযোগিতা

প্রথম থেকে তৃতীয় শ্রেণী - ক বিভাগ

চতুর্থ থেকে ষষ্ঠ শ্রেণী - খ বিভাগ

সপ্তম থেকে নবম শ্রেণী - গ বিভাগ

দশন থেকে দ্বাদশ শ্রেণী - ঘ বিভাগ

(বিষয় প্রতিযোগিতার সময় জানানো হবে)

বেলা ১টা - ক্যুইজ

(সর্বসাধারণের জন্য)

Contact : 01 23344808, 23746315

Muktadhara, 18-19, Bhai Vir Singh Marg

Gole Market, New Delhi-110001

Posted on 8h & 9h February, 2019 POSTAL REGD. NO. DL(ND)-11/6115/2018-19-20
from New Delhi PSO RNI NO - DELBEN/2001/2869

ASSOCIATION SAMBAD
Date of Publishing 6th February, 2019

বেঙ্গলি অ্যাসোসিয়েশন আয়োজিত এ মাসের সিনেমা

পরিচালনা ঃ অতনু ঘোষ

অভিনয়ে ঃ সৌমিত্র চট্টোপাধ্যায়, রাধিকা আপ্তে, কৌশিক সেন, সোহিনী সরকার।

২৪শে জানুয়ারী, ২০১৯ রবিবার সন্ধ্যা সাতটায়

মুক্তধারা অডিটোরিয়াম, ভাই বীরসিং মার্গ, গোলমার্কেট

শুধুমাত্র সদস্যদের জন্য

Editor, Printer and Publisher Shri Tapan Sengupta
Published on behalf of Bengal Association, New Delhi.
Printed at Pearl Printers, 52, DSIDC Shade, Okhla-I, New Delhi